

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম
পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি
প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০

২১/০৭/২০২০
রহিমা আক্তার
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২১/০৭/২০২০
ড. মোঃ এমর ফারুক
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়সূচি	পৃষ্ঠা নম্বর
০১.	প্রস্তাবনা, শিরোনাম ও প্রবর্তন, সংজ্ঞা	০৩
০২.	প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন প্রক্রিয়া	০৪-০৫
০৩.	পাঠদানের অনুমোদন প্রক্রিয়া	০৫-০৭
০৪.	স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া	০৭-০৮
০৫.	টেকনোলজি ও শিক্ষাক্রম সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি	০৮
০৬.	আসন সংখ্যা, স্থান পরিবর্তন, নাম পরিবর্তন ও শিক্ষা কার্যক্রম	০৯-১০
০৭.	ব্যাখ্যা, প্রতিষ্ঠান সুপারিশ ও অনুমোদন কমিটি, সংরক্ষণ, রহিতকরণ ও হেফাজত	১০
	পরিশিষ্টসমূহ	
০৮.	দূরত্ব সনদ ছক	১১
০৯.	জনসংখ্যা সনদ ছক	১২
১০.	সাংগঠনিক কমিটি ছক	১৩
১১.	প্রতিষ্ঠানের নামে জমি রেজিস্ট্রি করে দেওয়া (প্রযোজ্য ক্ষেত্রে), সাধারণ তহবিল ও সংরক্ষিত তহবিলের নির্ধারিত অর্থ জমা প্রদানের অঙ্গীকারনামার ছক	১৪
১২.	স্থাপনের আবেদনপত্র	১৫-১৬
১৩.	স্থাপনের আবেদনপত্রের চেকলিস্ট	১৭
১৪.	ভৌত অবকাঠামোর তালিকা	১৮-২০
১৫.	টেকনোলজিভিত্তিক যন্ত্রপাতির তালিকা	২১-৫৮
১৬.	শিক্ষক-কর্মচারী	৫৯
১৭.	লাইব্রেরির বইয়ের তালিকা	৫৯
১৮.	আসবারপত্র ও শিক্ষা উপকরণ	৬০
১৯.	স্থাপনের পরিদর্শন প্রতিবেদন ছক	৬১-৬২
২০.	পাঠদানের আবেদনপত্র	৬৩-৬৪
২১.	পাঠদানের আবেদনপত্রের চেকলিস্ট	৬৫
২২.	পাঠদানের অঙ্গীকারনামার ছক	৬৫
২৩.	পাঠদানের পরিদর্শন প্রতিবেদন ছক	৬৬-৬৭
২৪.	পাঠদান নবায়নের আবেদনপত্র	৬৮-৬৯
২৫.	স্বীকৃতি প্রদানের আবেদনপত্র	৭০-৭২
২৬.	স্বীকৃতির আবেদনপত্রের চেকলিস্ট	৭৩
২৭.	স্বীকৃতির পরিদর্শন প্রতিবেদন ছক	৭৪-৭৬
২৮.	স্বীকৃতি নবায়ন আবেদনপত্র	৭৭-৭৯
২৯.	টেকনোলজি সংযোজন, ব্যাচ/শিফট বৃদ্ধি ও স্থান পরিবর্তনের আবেদনপত্র	৮০-৮২
৩০.	টেকনোলজি সংযোজন, ব্যাচ/শিফট বৃদ্ধি ও স্থান পরিবর্তনের চেকলিস্ট	৮২
৩১.	টেকনোলজি সংযোজন, ব্যাচ/শিফট বৃদ্ধি ও স্থান পরিবর্তনের পরিদর্শন প্রতিবেদন ছক	৮৩-৮৪
৩২.	সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, শিক্ষাক্রম সংযোজন এবং নাম ও স্থান পরিবর্তন)	৮৫
৩৩.	সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, টেকনোলজি সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি)	৮৫
৩৪.	অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদান, টেকনোলজি ও শিক্ষাক্রম সংযোজন, নাম ও স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান এবং ব্যাচ/শিফট বৃদ্ধি)	৮৬
৩৫.	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের টেকনোলজিসমূহ	৮৭

২

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে
বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০**

- ১.০ **প্রস্তাবনা:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে প্রতিষ্ঠান স্থাপনের বিদ্যমান নীতিমালা আরো যুগোপযোগীকরণের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৪ সেপ্টেম্বর, ২০১৯খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৫২.১৬.০০৪.১৮.১১৪/৫৩৭ নং স্মারক, ১৬৮তম বোর্ড সভার অনুমোদন এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ০১-০৭-২০২০ তারিখের সভার সিদ্ধান্তক্রমে বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনায় বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি, স্বীকৃতি প্রদান, টেকনোলজি ও শিক্ষাক্রম সংযোজন, ব্যাচ/শিফট বৃদ্ধি, নাম ও স্থান পরিবর্তন, নবায়ন ও বাতিল/প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা ২০১৮ রহিতক্রমে কতিপয় সংশোধনসহ পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।
- ২.০ **শিরোনাম ও প্রবর্তন:** (১) এ নীতিমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০ নামে অভিহিত হবে।
(২) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।
- ৩.০ **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এ নীতিমালায়-
- (ক) “অনুমোদন কমিটি” অর্থ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গঠিত পরিশিষ্ট-২৭ -এ উল্লিখিত কমিটি;
 - (খ) “সুপারিশ কমিটি” অর্থ বোর্ড কর্তৃক গঠিত পরিশিষ্ট-২৫ ও ২৬ -এ উল্লিখিত কমিটি;
 - (গ) “কারিগরি শিক্ষা” অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮-এর ২ (১) ধারায় উল্লিখিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ;
 - (ঘ) “ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম” অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত একটি নির্দিষ্ট শিক্ষাক্রম যার মেয়াদ ০৪ (চার) বছর অর্থাৎ ০৮ (আট) সেমিস্টার। যেমন: সিভিল টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল টেকনোলজি, মেকানিক্যাল টেকনোলজি, কম্পিউটার টেকনোলজি, অটোমোবাইল টেকনোলজি, পাওয়ার টেকনোলজি, আর্কিটেকচার টেকনোলজি, রেফ্রিজারেশন টেকনোলজি, লেদার টেকনোলজিসহ চলমান ৩৪ (চৌত্রিশ) টি টেকনোলজি এবং ভবিষ্যতে এই শিক্ষাক্রমের আওতায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে চালুকৃত টেকনোলজিসমূহ;
 - (ঙ) “ব্যাচ/শিফট বৃদ্ধি” অর্থ অনুমোদিত টেকনোলজির প্রথম ব্যাচের সাথে সমসংখ্যক আসন যুক্ত করাকে বোঝাবে;
 - (চ) “পরিদর্শন টিম” অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ-সুবিধা এই নীতিমালার আলোকে সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড কর্তৃক গঠিত দল;
 - (ছ) “পাঠদানের অনুমতি” অর্থ বোর্ড কর্তৃক আরোপিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানে নিয়মিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান;
 - (জ) “পাঠদানের অনুমতি প্রত্যাহার” অর্থ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে পাঠদানের অনুমতি সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক রহিত করা;
 - (ঝ) “প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রত্যাহার” অর্থ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপনে সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রদত্ত অনুমতি রহিত করা;
 - (ঞ) “ফি” অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ;
 - (ট) “বোর্ড” অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮-এর ৩ ধারার অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;
 - (ঠ) “শিক্ষাক্রম সংযোজন” অর্থ বোর্ড অনুমোদিত একটি শিক্ষাক্রমের সাথে অন্য একটি নতুন শিক্ষাক্রম যুক্ত করা; যেমন: ভোকেশনাল/টেক্সটাইল/কৃষি/বিএম ইত্যাদি শিক্ষাক্রমের সাথে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম চালু করা;
 - (ড) “টেকনোলজি সংযোজন” অর্থ বোর্ড অনুমোদিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম অনুমোদিত প্রতিষ্ঠানে বিদ্যমান টেকনোলজির সাথে এই শিক্ষাক্রমের আরও নতুন টেকনোলজি যুক্ত করা; যেমন: ইলেকট্রিক্যাল/সিভিল/কম্পিউটার এর সাথে অটোমোবাইল/ইলেকট্রনিক্স ইত্যাদি টেকনোলজি যুক্ত করা;
 - (ঢ) “শিক্ষার্থী” অর্থ বোর্ড কর্তৃক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে নিবন্ধিত ছাত্র বা ছাত্রী;
 - (ণ) “স্থাপনের অনুমতি” অর্থ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানের নামে জমি সাবকবলা রেজিস্ট্রিকরণ ও অবকাঠামো নির্মাণসহ/আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে উক্ত উদ্দেশ্যে নির্মিত ফ্লোরস্পেস ক্রয়/প্রয়োজনীয় অবকাঠামোসহ ভাড়াকৃত ভবনে পাঠদানের সকল শর্ত পূরণের প্রভুতি গ্রহণের অনুমতি প্রদান;
 - (ত) “স্বতন্ত্র প্রতিষ্ঠান” অর্থ বোর্ড অনুমোদিত এস.এস.সি (ভোকেশনাল), এইচ.এস.সি (বিএম/ভোকেশনাল) ও ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান বোঝাবে;
 - (থ) “স্বীকৃতি” অর্থ সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানের নবায়ন সাপেক্ষে স্থায়ী অনুমোদন;
 - (দ) “স্বীকৃতি প্রত্যাহার” অর্থ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানকে প্রদত্ত স্বীকৃতি সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক রহিত করা।

৪.০ প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন প্রক্রিয়া:

৪.১ প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ:

- (ক) প্রতিষ্ঠানের নামকরণ: প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে প্রদত্ত নামের শেষে “পলিটেকনিক ইনস্টিটিউট/ইনফরমেশন টেকনোলজি ইনস্টিটিউট/সয়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট” যুক্ত করতে হবে। প্রতিষ্ঠানের নাম যথাসম্ভব আকারে ছোটো হতে হবে:
- (১) জেলা ও উপজেলা এবং সরকার অনুমোদিত কোনো প্রকল্পের নাম ব্যবহার করে কোনো বেসরকারি প্রতিষ্ঠানের নামকরণ করা যাবে না;
- (২) জাতীয় নেতৃবৃন্দের নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে সরকারের এ সংক্রান্ত নীতিমালা/নির্দেশনা অনুসরণ করতে হবে;
- (৩) নামকরণের ক্ষেত্রে শব্দ বা শব্দসমূহের সংক্ষিপ্তরূপ ব্যবহার করলে তার পূর্ণাঙ্গরূপ পাশাপাশি লিখতে হবে; তবে এক্ষেত্রে সরকার কর্তৃক নিবন্ধিত সংস্থা তার নামের সংক্ষিপ্তরূপ ব্যবহার করতে পারবে;
- (৪) একই নামে একই জেলায় একাধিক প্রতিষ্ঠান করা যাবে না;
- (৫) প্রতিষ্ঠানের বাংলা নামের পাশাপাশি একইসাথে ইংরেজি নাম অনুমোদন করতে হবে।
- (খ) আবেদনকৃত প্রতিষ্ঠান হতে একই ধরনের প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব: মেট্রোপলিটন, পৌরসভা ও শিল্প এলাকার জন্য বিদ্যমান ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান থেকে আবেদনকৃত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব ০১ (এক) কিলোমিটার এবং অন্যান্য এলাকার জন্য ০৩ (তিন) কিলোমিটার হতে হবে। এ বিষয়ে পরবর্তীকালে সরকারি কোনো আদেশ জারি হলে তা প্রযোজ্য হবে। আবেদনের সাথে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী/সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক পরিশিষ্ট-০১ হক অনুযায়ী দূরত্ব সনদ দাখিল করতে হবে;
- (গ) প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা: প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ০১ (এক) লক্ষ হতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট উপজেলা/থানা পরিসংখ্যান অফিসার কর্তৃক প্রদত্ত ন্যূনতম জনসংখ্যা সনদ এবং এলাকার আর্থ-সামাজিক অবস্থার সংক্ষিপ্ত বিবরণ হক পরিশিষ্ট-০২ হক পূরণপূর্বক দাখিল করতে হবে;
- (ঘ) সাংগঠনিক কমিটি: প্রস্তাবিত প্রতিষ্ঠানের পরিচালনার জন্য ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরিশিষ্ট-০৩ অনুযায়ী একটি সাংগঠনিক কমিটি থাকতে হবে;
- (ঙ) প্রতিষ্ঠানের জন্য জমির পরিমাণ/ফ্লোর স্পেস/ভাড়াকৃত ভবনের তথ্য: প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রতিষ্ঠানের নামে অথবা প্রতিষ্ঠানের সাংগঠনিক কমিটির যে কোনো সদস্যের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌরসভা/শিল্প এলাকায় ন্যূনতম অঞ্চল ১০ (দশ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অঞ্চল ১৫ (পনেরো) শতাংশ জমির নামজারী ও হালনাগাদ খাজনা পরিশোধ থাকতে হবে অথবা আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত প্রতিষ্ঠানের নামে/প্রতিষ্ঠানের সাংগঠনিক কমিটির যে কোনো সদস্যের নামে আনুপাতিক হারে জমিসহ উক্ত উদ্দেশ্যে নির্মিত ফ্লোরস্পেস থাকতে হবে অথবা প্রয়োজনীয় অবকাঠামোসহ সাময়িকভাবে ০২ (দুই) টি টেকনোলজির জন্য ন্যূনতম ১০ (দশ) হাজার বর্গফুট (পাকা/সেমি পাকা) আয়তনের ০৫ (পাঁচ) বছরের চুক্তি সংবলিত উক্ত উদ্দেশ্যে নির্মিত ভাড়াকৃত ভবন থাকতে হবে এবং ভাড়াকৃত ভবনের চুক্তিনামা দাখিল করতে হবে। প্রতিষ্ঠানের নামে জমি না থাকলে প্রতিষ্ঠান স্থাপনের আবেদনের সাথে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর প্রতিষ্ঠানের নামে জমি রেজিস্ট্রি ও নামজারি করে দেয়া হবে মর্মে ৩০০.০০ (তিন শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্প পরিশিষ্ট-০৪ অনুযায়ী সাংগঠনিক কমিটি কর্তৃক অঙ্গীকারনামা প্রদান করতে হবে অথবা প্রয়োজনীয় অবকাঠামোসহ সাময়িকভাবে ০২ (দুই) টি টেকনোলজির জন্য ন্যূনতম ১০ (দশ) হাজার বর্গফুট (পাকা/সেমি পাকা) আয়তনের ০৫ (পাঁচ) বছরের চুক্তি সংবলিত উক্ত উদ্দেশ্যে নির্মিত ভাড়াকৃত ভবন থাকতে হবে এবং ভাড়াকৃত ভবনের চুক্তিনামা দাখিল করতে হবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে পরিশিষ্ট-০৭ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে ফ্লোরস্পেস যোগ করতে হবে;
- (চ) সাধারণ তহবিল: প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে ন্যূনতম ০৩ (তিন) লক্ষ টাকা কোনো তফসিলি ব্যাংকে জমা রাখার বিষয়ে ৩০০.০০ (তিন শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্প পরিশিষ্ট-০৪ অনুযায়ী অঙ্গীকারনামা প্রদান করতে হবে;
- (ছ) সংরক্ষিত তহবিল: প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে জমা থাকতে হবে। তবে ব্যক্তির নামে নতুন প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে আলাদাভাবে অতিরিক্ত কোনো টাকা আমানত হিসেবে রাখার প্রয়োজন নেই। যদি প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে জমা না থাকে, সেক্ষেত্রে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করার বিষয়ে ৩০০.০০ (তিন শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্প পরিশিষ্ট-০৪ অনুযায়ী অঙ্গীকারনামা প্রদান করতে হবে;
- (জ) লে-আউট প্ল্যান: শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন উপযোগী লে-আউট প্ল্যান থাকতে হবে;
- (ঝ) যোগাযোগ ব্যবস্থা: উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং বিদ্যুৎ সুবিধা থাকতে হবে;

- (ঞ) প্রতিষ্ঠান স্থাপনের নির্ধারিত আবেদনপত্র: পরিশিষ্ট-০৫-এর হুক পূরণপূর্বক চেকলিস্টে পরিশিষ্ট-৬ বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র বোর্ডে জমা দিতে হবে। আবেদনপত্র ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত) টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ব্যাংক রশিদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে;
- (ট) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক পরিশিষ্ট-০৭ অনুযায়ী ভৌত অবকাঠামো, পরিশিষ্ট-০৮ অনুযায়ী প্রার্থিত টেকনোলজির যন্ত্রপাতি, পরিশিষ্ট-০৯ অনুযায়ী জনবল কাঠামো নির্ধারিত শিক্ষক-কর্মচারী নিয়োগ, পরিশিষ্ট-১০ অনুযায়ী লাইব্রেরি, পরিশিষ্ট-১১ অনুযায়ী আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকার বিষয়ে ৩০০.০০ (তিন শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-০৪ অনুযায়ী অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- ৪.২ আবেদন বাছাই: বোর্ডের সংশ্লিষ্ট শাখা প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের সুপারিশ করবে।
- ৪.৩ প্রতিষ্ঠান পরিদর্শন: প্রাথমিকভাবে নির্বাচিত পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-১২ হুক অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবরে দাখিল করবে;
- ৪.৪ স্থাপনের অনুমোদন: সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরণ করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানকে সর্বোচ্চ ০২ (দুই) বছরের জন্য স্থাপনের অনুমোদন প্রদান করবে।
- ৪.৫ পাঠদানের প্রস্তুতি: প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর নির্ধারিত ০২ (দুই) বছরের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী করার লক্ষ্যে নিজস্ব জমির ক্ষেত্রে প্রতিষ্ঠানের নামে জমি রেজিস্ট্রেশনসহ নামজারি অবকাঠামো, যন্ত্রপাতি ও নীতিমালা অনুসারে অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করে পাঠদানের উপযুক্ততা অর্জন করবে এবং ভাড়াকৃত ভবনের ক্ষেত্রে প্রস্তাবিত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী করার লক্ষ্যে নীতিমালা অনুসারে প্রয়োজনীয় অবকাঠামোসহ টেকনোলজি অনুসারে যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করে পাঠদানের উপযুক্ততা অর্জন করবে।
- ৪.৬ অনুমতি বাতিল: শিক্ষাক্রম পরিচালনা উপযোগী প্রতিষ্ঠান স্থাপনের বা অনুমতি প্রাপ্তির শর্তপূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি নির্ধারিত ০২ (দুই) বছর পর স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
- ৫.০ পাঠদানের অনুমোদন প্রক্রিয়া:
- ৫.১ পাঠদানের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ:
- (ক) স্থাপনের অনুমতি প্রদানের সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্ধারিত সকল অঙ্গীকারনামাসহ প্রয়োজ্য শর্তাবলি পূরণ করতে হবে। এছাড়া অন্যান্য শর্ত পূরণসাপেক্ষে স্বতন্ত্র প্রতিষ্ঠানের সাথে একই নামে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনা করা যাবে। এক্ষেত্রে বোর্ড কর্তৃক প্রদত্ত প্রতিষ্ঠানের পূর্বের কোড নম্বর বহাল থাকবে,
- (খ) প্রতিষ্ঠানের নামে জমির সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি/আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে উক্ত উদ্দেশ্যে নির্মিত ফ্লোরস্পেস ক্রয়/প্রতিষ্ঠানের নামে উক্ত উদ্দেশ্যে নির্মিত ভাড়াকৃত ভবন (যে কোন একটি শর্ত পূরণ করতে হবে);
- (১) প্রতিষ্ঠানের নামে ৪.১ (ঙ) অনুচ্ছেদে উল্লিখিত পরিমাণ জমি সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে। প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর পরিশিষ্ট ০৭ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষঙ্গিক ও টেকনোলজির জন্য প্রয়োজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন বন্ধক রেখে কোনো প্রকার ঋণ গ্রহণ করা যাবে না এবং এ জমি ও ভবন অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে;
- অথবা
- আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে একই ভবনে পাশাপাশি/উপর-নিচে ন্যূনতম ১০,০০০ (দশ হাজার) বর্গফুট ফ্লোর (২টি টেকনোলজির জন্য) নির্মাণ/ক্রয় করে প্রতিষ্ঠান করা যাবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে পরিশিষ্ট ০৭ ও ০৮ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে ফ্লোরস্পেস, ল্যাব ও ক্লাসরুম থাকতে হবে। ভারী যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করতে হবে;
- অথবা
- প্রতিষ্ঠানের নামে একই/পাশাপাশি ভবনে উপর-নিচে, ডানে-বামে ন্যূনতম ১০,০০০ (দশ হাজার) বর্গফুট আয়তনের ফ্লোরস্পেস (২টি টেকনোলজির জন্য) ৫ (পাঁচ) বছরের চুক্তিনামাসহ উক্ত উদ্দেশ্যে নির্মিত ভাড়াকৃত ভবন থাকতে হবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে পরিশিষ্ট-০৭ ও ০৮ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে

ফ্লোরস্পেস, ল্যাব ও ক্লাসরুম থাকতে হবে। ভারী যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ ০৭ (সাত) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রতিষ্ঠান স্থানান্তরের জন্য ৩০০.০০ (তিন শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-০৪ অনুযায়ী অঙ্গীকারনামা প্রদান করতে হবে। সর্বোচ্চ ০৭(সাত) বছরের মধ্যে নিজস্ব জমিতে স্থানান্তরে ব্যর্থ প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।

- (গ) **ভৌত অবকাঠামো:** প্রস্তাবিত প্রতিষ্ঠানের নিজস্ব জমির উপর অথবা আনুপাতিক হারে জমিসহ উক্ত উদ্দেশ্যে নির্মিত ক্রয়কৃত ফ্লোরস্পেস অথবা ভাড়াকৃত ভবনে পরিশিষ্ট-০৭ এ উল্লিখিত ভৌত অবকাঠামো থাকতে হবে;
- (ঘ) **যন্ত্রপাতি ও অন্যান্য:** পাঠদানের অনুমতির জন্য আবেদনের সাথে পরিশিষ্ট-০৮ অনুযায়ী টেকনোলজিভিত্তিক যন্ত্রপাতির তালিকা, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট চালু এবং প্রাথমিক চিকিৎসা উপকরণ (ফাস্ট এইড বক্স), অগ্নিনির্বাপক যন্ত্র (ফায়ার এক্সটিংগুইশার) থাকার প্রমাণক সংযুক্ত করতে হবে;
- (ঙ) **বিদ্যুৎ সুবিধা:** নিজস্ব জমিতে প্রতিষ্ঠান হলে/আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত ফ্লোরস্পেস হলে প্রতিষ্ঠানের নামে বৈধ থ্রি ফেজ লাইন বিদ্যুৎ সংযোগ এবং ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানায় বৈধ থ্রি ফেজ লাইন বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র হিসেবে প্রতিষ্ঠানের নামে হালনাগাদ বিদ্যুৎ বিল/ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানা সংবলিত বিদ্যুৎ বিল পরিশোধের হালনাগাদ কপি দাখিল করতে হবে;
- (চ) **আসবাবপত্র ও শিক্ষা উপকরণ:** পরিশিষ্ট-১১-তে উল্লিখিত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে;
- (ছ) **বোর্ড অনুমোদিত সাংগঠনিক কমিটি:** বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এসআরও নং-২৬৭-আইন/২০০৯) অনুযায়ী পাঠদানের অনুমতি প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে একটি সাংগঠনিক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। এ কমিটির মেয়াদ হবে তার প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর। পরবর্তীকালে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে;
- (জ) **শিক্ষক-কর্মচারী:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুসারে বেসরকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি আদেশ প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত না হলেও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাতাদি প্রদান করতে হবে। কোনোভাবেই সরকারের এমপিও দাবি করা যাবে না;
- (ঝ) এ নীতিমালার আওতায় প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোনো প্রতিষ্ঠান স্থাপন কিংবা শিক্ষাক্রম পরিচালনা করা যাবে না। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোনো প্রতিষ্ঠান স্থাপন কিংবা শিক্ষাক্রম পরিচালনা করা হলে সেসব প্রতিষ্ঠানকে কোনো অবস্থায়ই পাঠদানের অনুমতি প্রদান করা যাবে না। পাঠদানের আবেদনের সাথে প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি সংযুক্ত করতে হবে;
- (ঞ) **লাইব্রেরি:** প্রতিষ্ঠানে পরিশিষ্ট-১০-এ উল্লিখিত বই সংবলিত লাইব্রেরি থাকতে হবে;
- (ট) **সাধারণ তহবিল:** প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে কোনো তফসিলি ব্যাংকে ন্যূনতম ৩,০০০০০ (তিন লক্ষ) টাকা জমা থাকতে হবে। আবেদনপত্রের সাথে ব্যাংকের হালনাগাদ প্রত্যয়নপত্র জমা দিতে হবে;
- (ঠ) **সংরক্ষিত তহবিল:** প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। তবে ব্যক্তির নামে নতুন প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে আলাদাভাবে অতিরিক্ত কোনো টাকা আমানত হিসেবে রাখার প্রয়োজন নেই। কিন্তু পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে অতিরিক্ত ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে মোট ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তির নামে নামকরণ করা যাবে না। আবেদনপত্রের সাথে স্থায়ী আমানতের ডকুমেন্ট (এফডিআর) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা বিদ্যমান কোনো প্রতিষ্ঠানের সাথে শাখা/শিক্ষাক্রম সংযোজনের ক্ষেত্রে সংস্থা/বিদ্যমান প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট রিপোর্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। বোর্ডের অনুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না।

৫.২

পাঠদানের অনুমোদন কার্যক্রম:

- (ক) স্থাপনের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে পরিশিষ্ট-১৩-তে উল্লিখিত পাঠদানের আবেদনপত্র পূরণপূর্বক চেকলিস্টে পরিশিষ্ট-১৪-তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র এবং পরিশিষ্ট-১৫ অনুযায়ী অঙ্গীকারনামা বোর্ডে জমা দিতে হবে। আবেদনপত্র ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত) টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ব্যাংক রশিদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে;
- (খ) **আবেদন বাছাই:** বোর্ডের সংশ্লিষ্ট শাখা প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের সুপারিশ করবে;
- (গ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-১৬ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবর দাখিল করবে;
- (ঘ) **পাঠদানের অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরণ করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানকে ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করবে। প্রতিষ্ঠানের পাঠদানের অনুমোদন প্রাপ্তি সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র প্রদানের নিশ্চয়তা বিধান করে না। কেন্দ্র প্রদানের ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে;
- (ঙ) পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান সরকারের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের নাম ও স্থান পরিবর্তন করতে পারবে না। এর ব্যত্যয় হলে সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদান অনুমতি বাতিল/প্রত্যাহার করতে পারবে। তবে এক্ষেত্রে নীতিমালায় উল্লিখিত স্থান ও নাম পরিবর্তনের শর্তপূরণ সাপেক্ষে স্থান ও নাম পরিবর্তন করা যাবে।

৫.৩

পাঠদানের অনুমতি নবায়ন : পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতিবছর প্রতি টেকনোলজির জন্য অনুমতির মেয়াদ নবায়নের জন্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে পরিশিষ্ট-১৭ মোতাবেক আবেদন করতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ০১ (এক) বছরের জন্য নবায়ন করা হবে। পাঠদানের নবায়ন সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ধারাবাহিকভাবে ০৩ (তিন) ব্যাচ ৮ম পর্ব চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করলে স্বীকৃতির জন্য আবশ্যিকভাবে আবেদন করতে হবে। প্রতি টেকনোলজিভিত্তিক ব্যাচ/শিফট বৃদ্ধি হলে পাঠদানের অনুমতি নবায়ন ফি ৫০% অতিরিক্ত প্রদান করতে হবে। স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকেও প্রযোজ্য ফি প্রদান সাপেক্ষে পাঠদানের অনুমতি প্রতি বছর নবায়ন করতে হবে।

৫.৪

পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার: নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, লাইব্রেরি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করতে পারবে।

৬.০

স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া:

৬.১

স্বীকৃতি প্রাপ্তির শর্তসমূহ:


- (ক) স্বীকৃতিপ্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম ধারাবাহিকভাবে ০৩ (তিন) ব্যাচ ৮ম পর্ব চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যে কোন একটি ৮ম পর্বের চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশগ্রহণ করে আসনের ৪০% উত্তীর্ণ হলে স্বীকৃতির জন্য পরিশিষ্ট-১৮ আবেদনপত্রে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবে;
- (খ) প্রতিষ্ঠানের বিদ্যমান নিজস্ব অবকাঠামো, জনবল কাঠামো অনুসারে পূর্ণকালীন ন্যূনতম ৫০% শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ থাকতে হবে;
- (গ) প্রতিষ্ঠানের নামে প্রয়োজনীয় জমি ও ঐ জমির উপর প্রয়োজনীয় অবকাঠামো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না;
- (ঘ) প্রযোজ্য শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না;

৬.২

স্বীকৃতির কার্যক্রম:

- (ক) হালনাগাদ পাঠদান নবায়ন সনদসহ প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে পরিশিষ্ট-১৮-এ উল্লিখিত স্বীকৃতির আবেদনপত্র পূরণপূর্বক পরিশিষ্ট-১৯ চেকলিস্টে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে জমা দিতে হবে;





- (খ) **আবেদন বাছাই:** বোর্ডের সংশ্লিষ্ট শাখা প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের সুপারিশ করবে;
- (গ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-২০ ছকে প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবরে দাখিল করবে;
- (ঘ) **স্বীকৃতি অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে স্বীকৃতি অনুমোদন প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরণ করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানকে ০৩ (তিন) বছরের জন্য স্বীকৃতি প্রদান করবে। স্বীকৃতি সনদের জন্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ১৫,০০০ (পনেরো হাজার) টাকা পে অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জমা দিতে হবে।

৬.৩ **স্বীকৃতি নবায়ন:** স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের উল্লিখিত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড নির্ধারিত পরিদর্শন ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক পরিশিষ্ট-২১ মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল আনুষ্ঠানিকতা পূরণের প্রমাণক সংযুক্ত করতে হবে। সকল শর্তপূরণ থাকলে ০৩ (তিন) বছর মেয়াদে স্বীকৃতি নবায়ন করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কোনো শর্তপূরণ না হলে স্বীকৃতি নবায়ন করা হবে না। এরূপ ক্ষেত্রে উপযুক্ত কারণ দেখিয়ে স্বীকৃতি নবায়নের জন্য পুনরায় আবেদন করা যাবে।

৬.৪ **স্বীকৃতি বাতিল/প্রত্যাহার:**

- (ক) প্রতিষ্ঠান অনুমোদন প্রদানকালে আরোপিত ও অনুমোদিত নীতিমালার শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এবং বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান, নীতিমালা ও নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে। পরীক্ষা কেন্দ্র প্রাপ্তি ও সরকারের যে কোনো ধরনের আর্থিক অনুদান ও সুযোগ-সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে হালনাগাদ স্বীকৃতি সনদ আবশ্যিক হবে;
- (খ) অনুমোদন ব্যতিরেকে প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন করা হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল/প্রত্যাহার করতে পারবে।

৭.০ **টেকনোলজি, শিক্ষাক্রম সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি:**

- (ক) **টেকনোলজি, শিক্ষাক্রম সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি:** প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে আসনের ৫০% উত্তীর্ণ হলে টেকনোলজি সংযোজন/ব্যাচ ও শিফট বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। সেক্ষেত্রে বিদ্যমান অবকাঠামো/শিক্ষক এবং ক্লাসরুম বৃদ্ধি করতে হবে। শিক্ষাক্রম সংযোজনের ক্ষেত্রে সংযোজিত শিক্ষাক্রমের নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ল্যাব, ফ্লোরস্পেস, যন্ত্রপাতি ইত্যাদি থাকতে হবে এবং টেকনোলজি সংযোজনের ক্ষেত্রে প্রয়োজনীয় ফ্লোরস্পেস ও যন্ত্রপাতি পরিশিষ্ট-০৭ ও ০৮ অনুযায়ী বিদ্যমান থাকতে হবে। টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির জন্য আবেদনপত্র পরিশিষ্ট-২২ পূরণপূর্বক চেকলিষ্টে পরিশিষ্ট-২৩ বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র এবং শিক্ষাক্রম সংযোজনের জন্য পরিশিষ্ট-১৩ পূরণপূর্বক চেকলিষ্টে পরিশিষ্ট-১৪ বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র বোর্ডে জমা দিতে হবে;
- (খ) প্রতিষ্ঠানের নামে জমি ও উক্ত জমির উপর প্রয়োজনীয় অবকাঠামো/প্রতিষ্ঠানের নামে আনুপাতিক হারে জমিসহ নির্ধারিত পরিমাণ ক্রয়কৃত ফ্লোরস্পেস ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে টেকনোলজি সংযোজন, শিক্ষাক্রম সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমতি প্রদান করা হবে না;
- (গ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-২৪ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবরে দাখিল করবে;
- (ঘ) **টেকনোলজি, শিক্ষাক্রম সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমোদন প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরণ করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড ০১ (এক) বছরের জন্য শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমতি প্রদান করবে-যা পরবর্তীকালে শর্তপূরণ সাপেক্ষে নবায়ন করা যাবে। উল্লেখ্য, ব্যাচ/শিফট বৃদ্ধি অর্থ আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) এর গুণিতক বৃদ্ধি। প্রতি ব্যাচ/শিফট বৃদ্ধির জন্য পাঠদান নবায়ন ফি ৫০% অতিরিক্ত ফি প্রদান করতে হবে;
- (ঙ) শিক্ষাক্রম সংযোজনের ক্ষেত্রে বর্ণিত শর্তাবলি পূরণসহ সংযোজিত শিক্ষাক্রমের বিদ্যমান নীতিমালার পাঠদানের সকল শর্তাবলি পূরণ করতে হবে।

৮.০ **আসন সংখ্যা:** প্রতি টেকনোলজিতে আসন সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ জন এবং উপআউট ১০ (দশ) জন।

৯.০

স্থান পরিবর্তন:

- (ক) একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় স্থান পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের ক্ষেত্রে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক সরকারের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের পূর্বানুমতি পরবর্তী ০২ (দুই) বছর পর্যন্ত বলবৎ থাকবে।
- (খ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** বোর্ডের পূর্বানুমতি গ্রহণের পর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিনিধিত্বরূপে সভার কার্যবিবরণীসহ পরিশিষ্ট-২২ পূরণপূর্বক পরিশিষ্ট-২৩ চেকলিস্টে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠিপত্রের পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-২৪ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবরে দাখিল করবে;
- (গ) পাঠদানের সকল শর্ত পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড মেট্রোপলিটন এলাকায় পরিচালিত প্রতিষ্ঠান নিজস্ব জমি/প্রতিষ্ঠানের নামে আনুপাতিক হারে জমিসহ উক্ত উদ্দেশ্যে নির্মিত ভবনে ক্রয়কৃত ফ্লোরস্পেসে যে কোনো স্থানে স্থানান্তরের অনুমতি প্রদান করতে পারবে;
- (ঘ) পাঠদানের সকল শর্তাবলি পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড মেট্রোপলিটন এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় পরিচালিত প্রতিষ্ঠান জেলার মধ্যে নিজস্ব জমির উপর নির্মিত ভবনে/প্রতিষ্ঠানের নামে আনুপাতিক হারে জমিসহ নির্ধারিত পরিমাণ উক্ত উদ্দেশ্যে নির্মিত ভবনে ক্রয়কৃত ফ্লোরস্পেসে স্থানান্তরের অনুমতি প্রদান করতে পারবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;
- (ঙ) ভৌগোলিক ও প্রাকৃতিক কারণে যেমন: নদী ভাঙ্গন, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি অথবা সরকারের ভূমি অধিগ্রহণজনিত কারণে একই জেলার মধ্যে পাঠদানের শর্ত পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের অনুমতি প্রদান করতে পারবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;

১০.০

নাম পরিবর্তন:

- (ক) একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় নাম পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের নীতিমালায় উল্লিখিত নামকরণের শর্তপূরণ সাপেক্ষে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। বোর্ড সন্তোষ মনে করলে নাম পরিবর্তনের পূর্বানুমতি প্রদান করবে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের পূর্বানুমতি ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে;
- (খ) পূর্বানুমতি গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিনিধিত্বরূপে কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। পরিবর্তিত নামে সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল, জমি রেজিস্ট্রি, নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধ থাকতে হবে/পরিবর্তিত নামে আনুপাতিক হারে জমিসহ নির্ধারিত পরিমাণ উক্ত উদ্দেশ্যে নির্মিত ভবনে ক্রয়কৃত নিজস্ব ফ্লোরস্পেস থাকতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;
- (গ) কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে অতিরিক্ত ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে মোট ২০ (বিশ) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে;
- (ঘ) সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের অনুমতি প্রদান করতে পারবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;

১১.০

প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্বীকৃতি, স্থান পরিবর্তন, ব্যাচ/শিফট বৃদ্ধি ও টেকনোলজি এবং শিক্ষাক্রম সংযোজনের জন্য পরিদর্শন ফি বাবদ নির্ধারিত ১৫,০০০ (পনেরো হাজার) টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে পে অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জমা দিতে হবে।

১২.০

শিক্ষা কার্যক্রম:

- (ক) **পাঠ্যক্রম:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে;
- (খ) **ক্লাস রুটিন:** শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে ক্লাস রুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে; রুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম শাখায় জমা দিতে হবে;
- (গ) **ব্যবহারিক ক্লাস:** শিক্ষার্থীকে দক্ষ মধ্যম স্তরের প্রকৌশলী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (ঘ) **ধারাবাহিক মূল্যায়ন:** বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে;

- (ঙ) **শিক্ষার্থীদের পোশাক পরিচ্ছদ:** প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শৃঙ্খলা, ঐক্য ও শালীনতা-এ তিনটি বিশেষ গুণের সমন্বয় সাধন এবং বাংলাদেশের ঋতু বৈচিত্রের প্রতি লক্ষ্য রেখে গ্রীষ্মকালীন ও শীতকালীন -এই দুই ধরনের পোশাক শিক্ষার্থীদের জন্য নির্ধারণ করবে;
- (চ) **ব্যবহারিক ক্লাসের দ্রব্যাদি:** ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ব্যবহারিক ল্যাব/ওয়ার্কশপে প্রয়োজনীয় দ্রব্যাদি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে বছরের শুরুর বাজেট প্রণয়ন করতে হবে;
- (ছ) **ল্যাব:** নীতিমালা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ল্যাবে সুসজ্জিতকরণ, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং ল্যাব সর্বদা ব্যবহার উপযোগী রাখতে হবে;
- (জ) **পরীক্ষানুষ্ঠান:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠান ও মূল্যায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঝ) **শিক্ষা বর্ষপঞ্জি:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে;
- (ঞ) **সহপাঠ্য কার্যক্রম:** বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক, বৃক্ষরোপণ, রোভারিং/গার্লস গাইড, পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্কিলস কম্পিটিশন, জাতীয় দিবসসমূহ পালন, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনা বিকাশ কার্যক্রম এবং জঙ্গীবাদ বিরোধী, মাদকবিরোধীসহ অন্যান্য সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে;
- (ট) **শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ:** অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

১৩.০ **ব্যাখ্যা:** এ নীতিমালার কোনো ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত থাকবে।

১৪.০ **প্রতিষ্ঠান সুপারিশ ও অনুমোদন কমিটি:**

- (ক) সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদান, শিক্ষাক্রম সংযোজন, নাম ও স্থান পরিবর্তন) পরিশিষ্ট-২৫ অনুযায়ী একটি কমিটি থাকবে;
- (খ) সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, টেকনোলজি সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) পরিশিষ্ট-২৬ অনুযায়ী একটি কমিটি থাকবে;
- (গ) অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদান, টেকনোলজি ও শিক্ষাক্রম সংযোজন, নাম ও স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) পরিশিষ্ট-২৭ অনুযায়ী একটি কমিটি থাকবে;


১৫.০ **সংরক্ষণ:** কোনো প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান এবং রহিতকরণের যে কোনো শর্ত শিথিল করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

১৬.০ **রহিতকরণ ও হেফাজত:** এই নীতিমালা কার্যকর হওয়ার সাথে সাথে এ সংক্রান্ত পূর্বের জারি-করা সকল প্রবিধান, নীতিমালা ও আদেশ রহিত হবে;

তবে, পূর্বের জারি-করা সকল প্রবিধান, নীতিমালা ও আদেশকৃত কোনো কাজ, প্রদত্ত কোনো স্বীকৃতি বা সার্টিফিকেট, ইস্যুকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা নোটিশ, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই নীতিমালার অধীনকৃত, প্রণীত, প্রদত্ত, ইস্যুকৃত, গৃহীত বা সূচিত হয়েছে বলে গণ্য হবে;

তবে, স্থাপন ও পাঠদানের যেসব আবেদনের কার্যক্রম চলমান আছে কিন্তু এ নীতিমালা জারির তারিখে নিষ্পত্তি হয়নি, সেসব বিষয় ২০১৮ সালের এ সংক্রান্ত নীতিমালার আলোকে নিষ্পত্তি হবে।

৮.


(মোঃ আমিনুল ইসলাম খান)

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

পরিশিষ্ট-০১

অফিস প্যাড
দূরত্ব সনদপত্র

স্মারক নং

তারিখ:

[জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী /সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক নিম্ন ছক মোতাবেক দূরত্ব সনদ ইস্যু করবেন।]

চারপাশে অবস্থিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালিত সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের দূরত্ব :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	দূরত্ব	দিক
১.		-----কি:মি:	
২.		-----কি:মি:	
৩.		-----কি:মি:	
৪.		-----কি:মি:	
৫.		-----কি:মি:	

কর্মকর্তার স্বাক্ষর ও সিল

পরিশিষ্ট-০২

অফিস প্যাড

জনসংখ্যা সনদপত্র

স্মারক নং

তারিখ:

[উপজেলা পরিসংখ্যান অফিসার কর্তৃক প্রদত্ত ন্যূনতম জনসংখ্যা সনদ এবং এলাকার আর্থ-সামাজিক অবস্থার সংক্ষিপ্ত বিবরণ নিম্নবর্ণিত ছক মোতাবেক জনসংখ্যা সনদপত্র ইস্যু করবেন]

আদমশুমারী ২০--- সাল অনুযায়ী প্রতিষ্ঠান এলাকার (উপজেলা) জনসংখ্যা নিম্নরূপ:

ক্রমিক নং	প্রতিষ্ঠান এলাকা	পুরুষ (জন)	মহিলা (জন)	মোট (জন)
১.				
২.				
৩.				
সর্বমোট (জন)				

কর্মকর্তার স্বাক্ষর ও সিল

পরিশিষ্ট-০৩

সাংগঠনিক কমিটি:

.....খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির সদস্যগণ:

ছবি (পাসপোর্ট সাইজ)		ছবি (পাসপোর্ট সাইজ)
(নাম) সভাপতি/প্রতিষ্ঠাতা এনআইডি নং		(নাম) দাতা এনআইডি নং

ছবি (পাসপোর্ট সাইজ)		ছবি (পাসপোর্ট সাইজ)		ছবি (পাসপোর্ট সাইজ)
(নাম) সদস্য-১ এনআইডি নং		(নাম) সদস্য-২ এনআইডি নং		(নাম) সদস্য সচিব এনআইডি নং

(নাম)
সভাপতি
প্রতিষ্ঠানের নাম
মোবাইল:
ই-মেইল:

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. সংরক্ষিত নথি।

অঙ্গীকারনামা

(সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিকের মাধ্যমে মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)

১। (নিজস্ব জমির ক্ষেত্রে ১.১ ও ভাড়াকৃত ভবনের ক্ষেত্রে ১.২ প্রযোজ্য হবে):

১.১ আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, মূল আবেদনপত্রের সাথে সংযোজিত দলিলে আমার/আমাদের নামে নামজারিকৃত ও ভোগদখলে থাকা নিম্নবর্ণিত তফসিলভূক্ত জমি {(অবকাঠামোসহ (যদি থাকে))} প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পরপরই প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রি দলিলের মাধ্যমে হস্তান্তরসহ নামজারি করে দিতে বাধ্য থাকবো;

জমির তফসিল:

ক) জমির চৌহদ্দি
উত্তরে-
দক্ষিণে-
পূর্বে-
পশ্চিমে-

খ) জমির পরিমাণ:

গ) দাগ নম্বর:

ঘ) খতিয়ান নম্বর:

ঙ) মৌজার নাম:

চ) জে এল নং

জমির মালিকের স্বাক্ষর

নাম:

পিতার নাম:

মাতার নাম:

পেশা:

পূর্ণ ঠিকানা:

মোবাইল নং:

ই-মেইল:

১.২ প্রতিষ্ঠান স্থাপনের পূর্বে অঙ্গীকার করছি যে, প্রতিষ্ঠান পাঠদান প্রাপ্তির ০৭ বছরের মধ্যে প্রতিষ্ঠানকে নিজস্ব জমিতে স্থানান্তরসহ প্রয়োজনীয় অবকাঠামো নিশ্চিত করব। আরোপিত শর্তাবলি পূরণে ব্যর্থ হলে এবং আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত নীতিমালা ও এস,আর,ও নং ৫২-আইন/৯৬ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

২। আমি/আমরা আরো অঙ্গীকার করছি যে, প্রতিষ্ঠানের নামে চলতি আমানত ন্যূনতম ৩ (তিন) লক্ষ টাকা এবং সংরক্ষিত তহবিল ন্যূনতম ১০(দশ) লক্ষ টাকা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর প্রতিষ্ঠানের নামে কোনো তফসিলি ব্যাংকে বিনিয়োগ করবো। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদনপত্রে ও সংযোজনীতে প্রদত্ত সকল তথ্যাবলি সত্য।

৩। বোর্ডের নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি ক্রয়, জনবল কাঠামো অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ, প্রয়োজনীয় সংখ্যক বই ক্রয় এবং প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র ও শিক্ষা উপকরণ ক্রয় করা হবে। নীতিমালায় বর্ণিত সকল শর্তাবলি পূরণ করা হবে এবং পরবর্তীতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলি পালন করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতিতে আরোপিত যাবতীয় শর্তাবলি পূরণ করা হবে। আরোপিত শর্তাবলি পূরণে ব্যর্থ হলে এবং আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত নীতিমালা ও এস,আর,ও নং ৫২-আইন/৯৬ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

সভাপতির স্বাক্ষর

(প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী
কমিটি নাম ও পূর্ণাঙ্গ ঠিকানাসহ)

মোবাইল নং

ই-মেইল

অধ্যক্ষ/পরিচালক-এর স্বাক্ষর

(প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি / উদ্যোগী সংস্থা / উদ্যোক্তাদের
নির্বাহী কমিটি নাম ও পূর্ণাঙ্গ ঠিকানাসহ)

মোবাইল নং

ই-মেইল



প্রতিষ্ঠান স্থাপনের আবেদন ফরম

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

ভবন/জমির
অবস্থানগত ছবি
(নামফলকসহ) এবং
সাংগঠনিক কমিটির
সদস্যদের চিহ্নিত গ্রুপ
ছবি।

চেয়ারম্যান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

দৃঃ আঃ পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়: ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রতিষ্ঠান স্থাপনের আবেদন ফরম।

১.	শিক্ষা প্রতিষ্ঠানের পরিচিতি	
	ক. প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম (বাংলায়)	:
	প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম (ইংরেজি বড় অক্ষরে)	:
	খ. পূর্ণ ঠিকানা	: গ্রাম/সড়ক: পো: উপজেলা/থানা: জেলা:
	গ. টেলিফোন (ল্যান্ড): মোবাইল নম্বর: ই-মেইল:	
	ঘ. সংসদীয় এলাকা	:
২.	সংরক্ষিত তহবিল: (১০ লক্ষ টাকা সংরক্ষিত তহবিলে জমার অঙ্গীকারনামা সংযোজন করুন)	: ব্যক্তি নামে প্রতিষ্ঠান : ☐ হ্যাঁ ☐ না সংরক্ষিত তহবিল: ☐ আছে ☐ নেই
৩.	শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের সাংগঠনিক কমিটি (কমিটির সদস্যদের নাম/ঠিকানা সহ তালিকা ও গ্রুপ ছবি সংযুক্ত করুন)	: ☐ আছে ☐ নেই
